গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-২ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪১.৩৩.০২৫.১৯.৫৪৮

তারিখ: ১৭ কার্তিক ১৪২৯
০২ নভেম্বর ২০২২

**বিষয়: বেসরকারি কেয়ার মেডিকেল কলেজ, ২/১-এ, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা এর অনুমোদন বাতিল।**

সূত্র: (১) এ বিভাগের পত্র নং-স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-১/২০১৬(অংশ)/৪৩৩, তারিখ: ২৭-০৯-২০১৭ খ্রি.
(২) স্থগিতকৃত কেয়ার মেডিকেল কলেজের পত্র নং-কেয়ারএমসি/প্রশাসন/মাইগ্রেশন/২০২২/৭৩৪; তারিখ: ২৭/০৮/২০২২ খ্রি.
(৩) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পত্র নং-৫৯.১৪.০০০০.১০৩.৯৯.০০১.২২.৬১৩ তারিখ: ১৩-১০-২০২২ খ্রি.
(৪) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পত্র নং-৫৯.১৪.০০০০.১০৩.৯৯.০০১.২২.৬১৪ তারিখ: ১৩-১০-২০২২ খ্রি.
(৫) পরিদর্শন কমিটির ১৪-০৬-২০২২ খ্রি. তারিখের পরিদর্শন প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বেসরকারি কেয়ার মেডিকেল কলেজ, মোহাম্মদপুর, ঢাকা বেসরকারি মেডিকেল কলেজ স্থাপন ও পরিচালনা নীতিমালা ২০১১ (সংশোধিত) এর শর্তসমূহ প্রতিপালন না করায় (১) নং সূত্রস্থ স্মারকের মাধ্যমে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে বেসরকারি কেয়ার মেডিকেল কলেজ, ঢাকা এর এমবিবিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি কার্যক্রম স্থগিত করা হয়। মন্ত্রণালয়ের স্থগিতাদেশের বিরুদ্ধে কলেজ কর্তৃপক্ষ মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৮৪১৮/২০১৭ দায়েরপূর্বক কলেজের কার্যক্রম চলমান রাখে। গত ২৬/০৭/২০২২ তারিখ এ রিট পিটিশনটি প্রত্যাহার করা হয়। স্থগিতাদেশের পর বিগত ০৫ (পাঁচ) বছরেও কলেজ কর্তৃপক্ষ কলেজটির মানোন্নয়ন করতে পারেনি এবং একাডেমিক কার্যক্রম পরিচালনায় সম্পূর্ণ ব্যর্থ হয়েছে।

০২। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের নেতৃত্বে গঠিত পরিদর্শন কমিটি কর্তৃক কেয়ার মেডিকেল কলেজ সর্বশেষ গত ১৪-০৬-২০২২ খ্রি. তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন অনুসারে কলেজটিতে সুষ্ঠু একাডেমিক পরিবেশ নেই, শিক্ষকের ঘাটতি রয়েছে, বিদ্যমান হাসপাতাল ও কলেজের নামে নিজস্ব জমি নেই, মেডিকেল কলেজ ও হাসপাতাল একই ক্যাম্পাসে অবস্থিত নয়, হাসপাতালের বেড অকুপেন্সি ৭০% এর স্থলে মাত্র ১০% রয়েছে। সর্বোপরি, বেসরকারী মেডিকেল কলেজ স্থাপন ও পরিচালনা নীতিমালা, ২০১১ (সংশোধিত) এবং 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' অনুযায়ী কলেজ কর্তৃপক্ষ কলেজ পরিচালনার ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি।

০৩। উক্ত প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের আবেদন এবং সূত্রস্থ (২) নং স্মারকের পত্রে কলেজ কর্তৃপক্ষ কলেজ পরিচালনায় অপারগতা প্রকাশ করায় সূত্রস্থ (৩) নং স্মারকের মাধ্যমে এ বিষয়ে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মতামত গ্রহণ করা হয়। উক্ত মতামতের পরিপ্রেক্ষিতে এবং অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের স্বার্থ বিবেচনায় গত ২৩-১০-২০২২ খ্রি. তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে কেয়ার মেডিকেল কলেজের অধ্যক্ষ ও গভর্নিং বডির চেয়ারম্যানসহ সংশ্লিষ্টদের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় কেয়ার মেডিকেল কলেজে নানা ধরণের ঘাটতি ও সমস্যা থাকায় ২০২১-২০২২ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি করা হয়নি মর্মে প্রতিষ্ঠানের চেয়ারম্যান এবং অধ্যক্ষ জানান। তাঁরা কলেজটি পরিচালনায় আর আগ্রহী নন মর্মেও সভাকে অবহিত করেন। সে পরিপ্রেক্ষিতে গত ২৩-১০-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় ৭(১) নং ক্রমিকে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়, যা মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত:

"বেসরকারি মেডিকেল কলেজ স্থাপন ও পরিচালনা নীতিমালা অনুযায়ী পরিচালিত না হওয়ায় গত ২৭-০৯-২০১৭ খ্রি. তারিখে কেয়ার মেডিকেল কলেজের একাডেমিক অনুমোদন স্থগিত করা হয়। এর পর থেকে বিগত ০৫ (পাঁচ) বছরেও কলেজ কর্তৃপক্ষ কলেজটির মানোন্নয়ন করতে পারেনি এবং একাডেমিক কার্যক্রম পরিচালনায় সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। পরিদর্শন কমিটি কর্তৃক সর্বশেষ গত ১৪-০৬-২০২২ খ্রি. তারিখের পরিদর্শন প্রতিবেদন অনুসারে কলেজটিতে সুষ্ঠু একাডেমিক পরিবেশ বিদ্যমান নেই, শিক্ষকের ঘাটতি রয়েছে, বিদ্যমান হাসপাতাল ও কলেজের নামে নিজস্ব জমি নেই, মেডিকেল কলেজ ও হাসপাতাল একই ক্যাম্পাসে অবস্থিত নয়, হাসপাতালের বেড অকুপেন্সি ৭০% এর স্থলে মাত্র ১০% রয়েছে। সর্বোপরি, কলেজ কর্তৃপক্ষ কলেজ পরিচালনার ন্যূনতম শর্ত পূরণ করতে ব্যর্থ হয়েছে। এছাড়াও, কলেজে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের আবেদন, কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান ও অধ্যক্ষের বক্তব্য এবং স্থগিতকৃত কেয়ার মেডিকেল কলেজের স্মারক নং- কেয়ার এমসি/প্রশাসন/মাইগ্রেশন/২০২২/৭৩৪, তারিখ: ২৭/০৮/২০২২ খ্রি: পত্র মূলে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক কলেজ পরিচালনায় তাদের অপারগতা স্বীকার করায় 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এর ধারা-২৪ অনুসারে বেসরকারি কেয়ার মেডিকেল কলেজের অনুমোদন বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।"

০৪। এমতাবস্থায়, গত ২৩-১০-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক 'বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২' এর ধারা-২৪ অনুযায়ী স্থগিতকৃত বেসরকারি কেয়ার মেডিকেল কলেজ, ২/১-এ, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা এর অনুমোদন নির্দেশক্রমে বাতিল করা হলো।

০২.১১.২০২২
(মাহবুবা বিলকিস)
উপসচিব
ফোন-৫৫১০০৬৯০

**চেয়ারম্যান**
পরিচালনা পর্ষদ, কেয়ার মেডিকেল কলেজ
২/১-এ, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা।

পূর্বপৃষ্ঠা হতে

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪১.৩৩.০২৫.১৯.৫৪৮

তারিখ: ১৭ কার্তিক ১৪২৯ / ০২ নভেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। ভাইস চ্যান্সেলর, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। ডীন (ফ্যাকাল্টি অব মেডিসিন), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪। মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৬। রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম স্মরনী (৮৬ বিজয়নগর), ঢাকা।
৭। অধ্যক্ষ, অনুমোদন বাতিলকৃত বেসরকারি কেয়ার মেডিকেল কলেজ, ২/১-এ, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৮। প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৯। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
১০। যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

02.11.2022

(মাহবুবা বিলকিস)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-২ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪১.৩৩.০২৫.১৯.**৫৪৯**

তারিখ: ১৭ কার্তিক ১৪২৯ / ০২ নভেম্বর ২০২২

**বিষয়: অনুমোদন বাতিলকৃত বেসরকারি কেয়ার মেডিকেল কলেজ, ২/১-এ, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকায় অধ্যয়নরত শিক্ষার্থীদের মাইগ্রেশন সংক্রান্ত।**

সূত্র: (১) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের পত্র নং- স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-১/২০১৬(অংশ)/৪৩৩, তারিখ: ২৭-০৯-২০১৭ খ্রি.
(২) স্থগিতকৃত বেসরকারি কেয়ার মেডিকেল কলেজের পত্র নং-কেয়ার এমসি/প্রশাসন/মাইগ্রেশন/২০২২/৭৩৪; তারিখ: ২৭/০৮/২০২২ খ্রি.
(৩) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পত্র নং-৬১২, ৬১৩ ও ৬১৪; তারিখ: ১৩-১০-২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে বেসরকারি কেয়ার মেডিকেল কলেজ, মোহাম্মদপুর, ঢাকায় বিভিন্ন শিক্ষাবর্ষে অধ্যয়নরত নিয়মিত ও অনিয়মিত মাইগ্রেশন প্রত্যাশী শিক্ষার্থীদের মাইগ্রেশন সংক্রান্ত জটিলতা নিরসনের লক্ষ্যে গত ২৩-১০-২০২২ খ্রি. তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে কেয়ার মেডিকেল কলেজের অধ্যক্ষ ও গভর্নিং বডির চেয়ারম্যানসহ সংশ্লিষ্টদের সমন্বয়ে অনুষ্ঠিত সভার ৭(২) নং ক্রমিকে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়, যা মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত:

"স্থগিতকৃত কেয়ার মেডিকেল কলেজ, মোহাম্মদপুর, ঢাকায় বিভিন্ন শিক্ষাবর্ষে অধ্যয়নরত নিয়মিত ও অনিয়মিত শিক্ষার্থীদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত অন্যান্য বেসরকারি মেডিকেল কলেজসমূহে মাইগ্রেশন করার সিদ্ধান্ত গৃহীত হয়। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর অতি সত্বর এ মাইগ্রেশনের কাজ সম্পন্ন করবে।"

০২। এমতাবস্থায়, গত ২৩-১০-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক অনুমোদন বাতিলকৃত বেসরকারি কেয়ার মেডিকেল কলেজ, ঢাকায় অধ্যায়নরত নিয়মিত ও অনিয়মিত শিক্ষার্থীদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত অন্যান্য বেসরকারি মেডিকেল কলেজসমূহে মাইগ্রেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। যে সকল বেসরকারি মেডিকেল কলেজসমূহে শিক্ষার্থীদের মাইগ্রেশন করা হবে, সে সকল প্রতিষ্ঠানের সক্ষমতার বিষয়ে প্রতিষ্ঠান প্রধানের সাথে আলোচনা করে মাইগ্রেশন করার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

02.11.2022

(মাহবুবা বিলকিস)
উপসচিব
ফোন-৫৫১০৬৯০
me2@mefwd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪১.৩৩.০২৫.১৯.**৫৪৯**

তারিখ: ১৭ কার্তিক ১৪২৯ / ০২ নভেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):
১। ভাইস চ্যান্সেলর, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। ডীন (ফ্যাকাল্টি অব মেডিসিন), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩। মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্বপৃষ্ঠা হতে

৫। রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম স্মরনী (৮৬ বিজয়নগর), ঢাকা।

৬। অধ্যক্ষ, অনুমোদন বাতিলকৃত বেসরকারি কেয়ার মেডিকেল কলেজ, ২/১-এ, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা (মাইগ্রেশনের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ করা হলো)

৭। প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৮। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৯। যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

০২.১১.২০২২

(মাহবুবা বিলকিস)
উপসচিব